তারাদের কথা

উত্তরবঙ্গ সংবাদ ১৪ মে ২০২১ সাত

বাতাসে মৃত্যু-গুজব

করোনার কারণে চারদিকে মৃত্যুর খবর। তার ভিড়ে ভাসছে তারকা–মৃত্যুর ভুয়ো খবর। লিখছেন সুমিত দে



জলে ভাসছে মৃতদেহ। বাতাসে ভাসছে 'মৃত' মানুষ। দেশের করোনা সংক্রমণের মাঝে এ–এক আজব সমস্যা। করোনার কবলে প্রিয় মানুষ 'চলে' যাওয়ায়, যেখানে পরিবারে নেমে আসছে শোকের ছায়া, সেখানে প্রিয় অভিনেতা–অভিনেত্রীর করোনায় আক্রান্ত হয়ে অকালে 'চলে' যাওয়ার 'সংবাদে' শুধু পরিবারের অন্দরের মানুষজনের মনেই নয়, দেখা দিচ্ছে তাঁদের অনুরাগীদের মনেও গভীর যন্ত্রণা। অথচ যে যন্ত্রণার কোনও যৌক্তিকতা নেই। কারণ সেই 'মৃত্যু'র খবরের ভিড়ে, ভেসে বেড়াচ্ছে বহু গুজব।

সম্প্রতি তেমনই গুজবের শিকার 'শক্তিমান' মুকেশ খান্না। সোশ্যাল মিডিয়ায় জোর খবর চাউর হয়েছিল, করোনায় আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে 'ভীষ্ম'র। তারপর থেকেই ক্রমাগত তাঁর মোবাইলে ফোন আসতে থাকায়, মুকেশ বাধ্য হয়েছেন তাঁর সুস্থতার খবর জানিয়ে এক ভিডিও করে তা ইনস্টাগ্রামে পোস্ট দিতে। যে ভিডিওতে তিনি জানিয়েছেন, 'আমি সম্পূর্ণ সুস্থ। তবে এমন ভুল খবরের উত্তর দিতে দিতে ক্লান্ত। আমার আদৌ কিছু হয়নি। অথচ কি সব গুজব ছড়ানো হচ্ছে! সোশ্যাল মিডিয়ার এই এক দোষ। খবরের সত্যতা যাচাই না করে, ভুল খবর ছড়িয়ে দেয়।'

টেলিভিশনের জনপ্রিয় অভিনেত্রী দিব্যাঙ্কা ত্রিপাঠী। 'বীরাসত', 'ইন্তেজার', 'ইয়ে হ্যায় মহাভারত'–এর মতো বহু সিরিয়ালের জনপ্রিয় মুখ দিব্যাঙ্কার মৃত্যু সংবাদ ছড়িয়ে পড়েছিল সোশ্যাল মিডিয়ায়। সমবেদনা জানিয়ে 'রেস্ট ইন পিস'–এর বন্যা আছড়ে পড়েছিল সেই পোস্টে। যা দেখে টুইট করে লিখে জানাতে বাধ্য হন দিব্যাঙ্কা, 'কারও কারণে আজ আমি হয়তো 'আর আই পি' মোড়ে চলে গিয়েছি। কিন্তু আপনাদের সকলকে জানাচ্ছি, আমি দিব্যি বেঁচে রয়েছি। দয়া করে এমন উল্টোপাল্টা খবর ছড়িয়ে, আমার পরিবার—আত্মীয়—বন্ধুদের বিব্রত করবেন না।'

'কসৌটি জিন্দেগি কে'—এর মতো বহু হিট সিরিয়ালে জনপ্রিয় মুখ শ্বেতা তিওয়ারি। সোশ্যাল মিডিয়ায় রটেছিল তাঁর মৃত্যু সংবাদও। আজ ছেলেকে নিয়ে তাঁর সঙ্গে স্বামী অভিনব কোহলির তীব্র কাজিয়া চললেও, সেই সময় অভিনবই শ্বেতার হয়ে পোস্ট দিয়ে জানান দিয়েছিলেন, শ্বেতা মোটেই মারা যাননি। ছেলেকে নিয়ে দিব্যি সংসার করছেন।

দারুণ জনপ্রিয় 'সিআইডি' সিরিয়ালের মুখ্য চরিত্র 'এসিপি প্রদ্যুত্মান' শিবাজি সত্যম শিকার এমন গুজবের। রটে গিয়েছিল তাঁর মৃত্যুর সংবাদ। অনুরাগীদের ফোনে বিরক্ত শিবাজি শেষে সোশ্যাল মিডিয়ায় লিখেছেন, 'আমি জানি না এমন সব উদ্ভট খবর কোথা থেকে তৈরি হয় আর কেনই বা তৈরি হয়! আমার মনে হয় যারা এই সব করে, তারা কোনও কিছুর খবর রাখে না। করোনার মাঝে এরাও বেশ আতঙ্কের।'

সুপারহিট টিভি সিরিয়াল 'রামায়ণ'–এর 'রাবণ' চরিত্র করে অরবিন্দ ত্রিবেদী। সম্প্রতি রটেছে তাঁরও মৃত্যু সংবাদ। তাঁর 'জীবনদানে' ত্রাতা হয়ে এগিয়ে এসেছেন 'রামায়ণ'–এর 'লক্ষ্মণ' সুনীল লাহিড়ি। সোশ্যাল মিডিয়ায় সুনীল লিখেছেন, 'করোনার কারণে আজকাল কোনও না কোনও খারাপ খবর আমাদের সামনে চলে আসছেই। তার উপর উপরি অরবিন্দজির খবর। আমার অনুরোধ, যাঁরা এমন ভুল খবর রটাচ্ছেন, তাঁরা দয়া করে এমন মিথ্যে রটাবেন না। আপনারা জেনে রাখুন, ভগবানের কৃপায় অরবিন্দজি ভালোই রয়েছেন। উনি মারা যাননি।'

মারা যাওয়ার গুজবে তিতি–বিরক্ত হয়ে উঠেছেন বর্ষীয়ান অভিনেত্রী ফরিদা জালাল। মৃত্যুর গুজব তাঁকেও ছাড়েনি। ফরিদা জানাচ্ছেন, 'আজ আমি এমন আজব খবরে হাসি। কিন্তু এমন খবর রটতে প্রায় তিরিশ মিনিট ধরে আমার ফোনে যা ফোন এসেছে, আমি পাগল হয়ে গিয়েছি তার উত্তর দিতে। আর শুধু ভেবেছি, কোন পাগলে এমন রটায়!'



জবরদস্ত ইদি পেলেন সলমন-ভক্তরা

ক্র্যাশ করল সার্ভার

প্রতি বছর ইদ উপলক্ষ্যে ভক্তদের নিজের নতুন সিনেমা উপহার দেন বলিউড সুপারস্টার সলমন খান। গতবছর লকডাউনের কারণে সেটা সম্ভব হয়নি। এবার কথা রেখেছেন ভাইজান। দেশ–বিদেশের সিনেমা হল এবং জি ওটিটি প্ল্যাটফর্মে মুক্তি পেল তাঁর বহু প্রতীক্ষিত ছবিটি। 'রাধে ইওর মোস্ট ওয়ান্টেড ভাই' দেখে উচ্ছ্বসিত দেশ–বিদেশের সলমন–ভক্তরা। তাঁদের মতে, এবারের ইদে জবরদস্ত ইদি উপহার দিলেন বলিউড সুলতান।

ছবিটি মূলত অ্যাকশন–রোমান্সের ককটেল। মনখারাপ করা কোভিড পরিস্থিতির মধ্যে ভক্তদের সামান্য সময় আনন্দ দিতে যা যা করা প্রয়োজন, সবটাই করেছেন ভাইজান। চিন্তা করেননি লাভ–লোকসানের কথা। আম পাবলিকের পাশাপাশি তিনি পেয়েছেন সমালোচকদের ভরপুর প্রশংসা। দুর্দান্ত অভিনয়ের পাশাপাশি তিনি ফাটিয়ে অ্যাকশন করেছেন এবং জমিয়ে নেচেছেন। বলিউডের অনেকের ধারণা, ছবিটির ব্লকব্লাস্টার তকমা পাওয়া শুধুমাত্র সময়ের অপেক্ষা। আগেই সুপারহিট হয়েছে ছবির গানগুলো। 'সিটি মার' তো এই মুহূর্তে ঘুরছে লোকের মুখে মুখে। প্রভুদেবা পরিচালিত এই ছবিতে সলমন খান ছাড়াও আছেন জ্যাকি শ্রফ, দিশা পাটানি, রণদীপ হুদা।

রিলিজের প্রথম দিন বাম্পার ওপেনিং হলেও ঘটে যায় বড় রকমের বিপত্তি। বিপুল সংখ্যক মানুষ একসঙ্গে ছবিটি দেখার জন্য ঝাঁপিয়ে পড়ার ফলে অফিসিয়াল রিলিজ প্ল্যাটফর্মের একটি সার্ভার ক্র্যাশ করে যায়। যার ফলে ছবিটি থেকে বঞ্চিত থেকে যান অনেকেই। ওটিটি প্ল্যাটফর্ম জি–এর পক্ষ থেকে বলা হয়েছে, আমরা ভাবতে পারিনি শুরুতেই এতটা দর্শক আনুকূল্য পাব। দ্রুত সমস্যার সমাধান করে নেওয়া হবে।

করোনা আক্রান্ত রাজীব পাল

হাসপাতালে ছোটপর্দার জনপ্রিয় অভিনেতা রাজীব পাল করোনা আক্রান্ত। গত কয়েকদিন আগেই তাঁর কোভিড রিপোর্ট পজিটিভ এসেছে। বাড়িতে নিভৃত যাপনে থেকেই চলছিল তাঁর চিকিৎসা। কিন্তু ৫০ বছর বয়সী এই অভিনেতার শারীরিক অবস্থার অবনতি হওয়ায় তাঁকে তড়িঘড়ি মুম্বইয়ের কোকিলাবেন আম্বানি হাসপাতালে ভর্তি করা হয়েছে। সামাজিক মাধ্যমে খবরটি জানিয়েছেন রাজীব নিজেই।

নুসরতের যশ বাড়ছে?

প্রেম কি আরও ঘন হচ্ছে দুজনের? নুসরত নিজের অ্যাকাউন্টে পুরোনো একটি ছবি পোস্ট করলেন। ছবিটি তুলেছিলেন তাঁর বিশেষ বন্ধু যশ দাশগুপ্ত।

মেকআপ ছাড়া লাল হুডি ও ডেনিম পরে নুসরত বাজাচ্ছেন গিটার। ছবির ক্যাপশনে লিখেছেন নায়িকা— 'গিটার বাজানো মানুষকে নিয়ে খেলা করবেন না।' নুসরত ও যশ, দুজনের সম্পর্ক নিয়ে অনেকদিন ধরেই শোনা যাচ্ছে। এখন সেই সম্পর্ক যে ধীরে ধীরে মজবুত হচ্ছে তা বলাই যায়। তাই করোনা অতিমারির মধ্যেই গিটারের সুরে শান্তি খুঁজছেন সাংসদ–অভিনেত্রী।

কথোপকথনে রাধে'র নায়িকা লুলিয়া

কোন গ্যাংস্টারকে ধরবে মন্ত্রীর ক্যামেরা?

সম্প্রতি শিক্ষা মন্ত্রীর দায়িত্ব পেয়েছেন। ওদিকে তাঁর ছবি 'ডিকশনারি' পেয়েছে নেপাল আন্তর্জাতিক ফিল্ম ফেস্টিভ্যালের বিশেষ পুরস্কার।

প্রশাসনিক কাজের মাঝেও নতুন ছবির পরিকল্পনা শুরু করে দিলেন ব্রাত্য বসু। এবার তিনি হুগলির গ্যাংস্টার হুব্বা শ্যামলকে নিয়ে ছবি করতে চলেছেন। হুব্বা হুগলির দাউদ ইব্রাহিম নামে পরিচিত ছিলেন।

কে এই হুব্বা শ্যামল? গত শতকের নয়ের দশকে উত্থান ঘটে এই গ্যাংস্টারের। হুগলিতে দাপিয়ে বেড়িয়েছেন রীতিমতো। ডাকাতি, ধর্ষণ, খুন মিলিয়ে ৩০টি কেস ছিল তাঁর বিরুদ্ধে। যোগাযোগের জন্য তিনি সত্তরটি মোবাইল ফোন ব্যবহার করতেন।

২০০৫ সালে তার গ্রেপ্তারও কম নাটকীয় ছিল না। পরিচালক ব্রাত্য বসু জানিয়েছেন, বাংলার রাজনৈতিক পালাবদলের এই ঘটনাকে তিনি আজও প্রাসঙ্গিক মনে করেন। তাই পালাবদলের অন্যতম প্রেক্ষাপটটি তিনি তুলে ধরতে চান ছবির মধ্য দিয়ে। আপাতত ছবির চিত্রনাট্যের কাজ শুরু হয়েছে। ছবিতে মুখ্য ভূমিকায় থাকছেন আবীর চট্টোপাধ্যায়, নুসরত।

মোদি সরকারের সমালোচনায় অনুপম খের



বিভিন্ন সময় মোদি সরকারের ভরপুর প্রশংসা করেছেন বলিউড অভিনেতা অনুপম খের। তবে আচমকাই উলটো সুর শোনা গেল এই তারকার কণ্ঠে। সম্প্রতি করোনা নিয়ন্ত্রণে মোদি সরকারের ভূমিকায় ক্ষোভ প্রকাশ করলেন অনুপম। একটি সাক্ষাৎকারে কেন্দ্রীয় সরকারের সমালোচনা করে অভিনেতা বলেন, মানুষের ক্ষোভ দেখানোটাই স্বাভাবিক, করোনা নিয়ন্ত্রণে সরকার পুরোপুরি ব্যর্থ, ওঁরাই দায়ী এই দুর্ভোগের জন্য।

এখানেই থেমে থাকেননি অনুপম খের। তিনি আরও বলেন, সরকারের এটা জানা খুব জরুরি যে জীবনে ভাবমূর্তি তৈরির চেয়েও অনেক জরুরি বিষয় রয়েছে।

অনুপমের এই বিস্ফোরক মন্তব্য ঘিরে হইচই পড়ে গেছে সোশ্যাল মিডিয়ায়। নেটিজেনরা অনেকে বিশ্বাসই করতে পারছেন না বিজেপি সাংসদ কিরণ খেরের স্বামীর মোদি–বিরোধী এই মন্তব্যকে। মিমে ছেয়ে গিয়েছে টুইটার। করোনা মোকাবিলায় দেশবাসীর পাশে দাঁড়াতে এগিয়ে এসেছেন বহু বলিউড তারকাই, পিছিয়ে নেই অনুপম খেরও। 'প্রোজেক্ট হিল ইন্ডিয়া'র মাধ্যমে করোনা আক্রান্তদের প্রয়োজনীয় ওষুধ–পথ্য ও খাবার পৌঁছে দিচ্ছেন তিনি। এমনকি এক মার্কিন স্বেচ্ছাসেবী সংস্থার সঙ্গে হাত মিলিয়ে লাইফ সাপোর্টের প্রয়োজনীয় সরঞ্জামও দেশের বিভিন্ন হাসপাতালে পৌঁছে দিতে উদ্যোগী হয়েছেন অভিনেতা।

শোকে ভেঙে পড়লেন শক্তিমান

ভেঙে পড়লেন শক্তিমান। এই প্রথম কোনও খবরে উতলা হলেন মুকেশ খান্না। কোভিড জয় করেও চলে গেলেন তাঁর দিদি কমল কাপুর।

মুকেশ জানিয়েছেন, মাত্র ১২ দিনের মাথায় কোভিড সারিয়ে সুস্থ হয়েছিলেন তাঁর দিদি। কিন্তু ফুসফুসের সংক্রমণ রেহাই দেয়নি তাঁকে।

গত মঙ্গলবার মুকেশ খান্নার মৃত্যু নিয়ে ভুয়ো খবর ছড়িয়েছিল সোশাল মিডিয়ায়। মুকেশ জানিয়েছিলেন, ভুয়ো খবর রটায় যারা, তাদের ক্ষমা নেই। কিন্তু তার দুদিনের মাথায় পরিবারে এমন এক বিপর্যয় ঘনিয়ে আসবে, কেউ ভাবেনি। মুকেশ খান্না লিখছেন, ঈশ্বরের অঙ্ক বোঝা ভার!

একা থাকতে পছন্দ করেন নীতু

গত বছর প্রয়াত হয়েছেন স্বামী অভিনেতা ঋষি কাপুর। তারপর থেকে সাধারণত একাই থাকেন নীতু কাপুর। কেন? সম্প্রতি নীতু জানিয়েছেন, আমার পুত্র রণবীর এবং কন্যা ঋদ্ধিমা আজ স্বাবলম্বী। দুজনেই নিজেদের জগতে প্রতিষ্ঠিত। তাদের নিয়ে আমার কোনও চিন্তা নেই। আমি একা, নিজেকে নিয়ে বেশ আছি। চাইলেই আমি পুত্র–কন্যার সঙ্গে থাকতে পারতাম। কিন্তু সেটা আমি করিনি। আমার একা থাকার কারণ, আমি আমার গোপনীয়তা উপভোগ করি। খুব ইচ্ছে হলে পুত্র–কন্যার সঙ্গে সময় কাটাই। তবে বেশিরভাগ সময় আমি একাই থাকি। এইভাবেই আমি অভ্যস্ত হয়ে উঠেছি।

ধর্মা প্রোডাকশনের একটি ছবিতে অভিনয় করছেন নীতু। ছবিতে তাঁর বিপরীতে আছেন অনিল কাপুর। করোনা পরিস্থিতির জন্য আপাতত ছবির শুটিং বন্ধ।

বলিউড তারকাদের ইদের শুভেচ্ছা

ভক্তদের পবিত্র ইদের শুভেচ্ছা জানিয়েছেন বলিউডের অনেকেই। সামাজিক মাধ্যমে অভিষেক বচ্চন লিখেছেন, ইদ মুবারক। স্টে হোম। স্টে সেফ। মাস্ক অন।

বরুণ ধাওয়ান পোস্টে লিখেছেন, হেলথ ফার্স্ট, ইন্ডিয়া ফার্স্ট। ইদ মুবারক।

মনোজ বাজপেয়ি লিখেছেন, স্টে হ্যাপি হেলদি অ্যান্ড সেফ। ইদ মুবারক।

পাশাপাশি সুভাষ ঘাই, হনশল মেহতা, অনুভব সিনহা প্রমুখ বলিউড পরিচালক ভক্তদের ইদের শুভেচ্ছা জানিয়েছেন। গত বছরের মতো এই বছরেও ইদ পালিত হচ্ছে করোনা অতিমারীর আবহে।

টিম তারাদের কথা মহুয়া বন্দ্যোপাধ্যায়, অংশুমান চক্রবর্তী, সুমিত দে, অমিত মজুমদার, রমাপদ পাহাড়ি ফেসবুক পেজ www.facebook.com/taraderkatha